

স্বতরাং এই সময় হইতেই যোগবিজ্ঞানের সর্বপ্রথম বিকাশ হইতে থাকে। এই স্থান হইতে 'ভগবান যে যে স্তরের ভিতর দিয়া জীবকে আকর্ষণ করেন, সেই সেই ভাবান্তর সকল যোগ নামে' খ্যাত। এইখান হইতে তিনি অনন্ত ঐশ্বর্য প্রতি জীবকে দেখাইতে দেখাইতে এবং যথুর বাকেয়ের দ্বারা কর্ণযুগল পূর্ণ করিতে করিতে লইয়া থান। এই থান হইতে বাহা করান এবং করিতে থাকেন তাহাই গীতা। ভগবান লাভের নিমিত্ত প্রাণের মধ্যে বিষাদময় তাৰ হইতে আরম্ভ করিয়া যিলন ভাব অবধি গীতা। বিষাদ হইতে আরম্ভ করিয়া মৃত্তি অবধি যে সমস্ত ভাবান্তর দ্বারা জীব পরিচালিত হয়, গীতায় তাহাই এক একটী যোগ নামে প্রাপ্ত। এই আকর্ষণের সোপানাবলি যথন একে একে মানবদৃষ্টিয়ে অনিত্য হয়, তথন জীব বুঝিতে পারে যে তার আর অধিক দেরী নাই। আর সেই সঙ্গে জীবের মনে আসে এক মহামিলনের সন্ধিক্ষণ এবং মিলনের আশা পূর্ণ হইবে বলিয়া আনন্দে অধীর হইয়া যায়।

অতএব বহুসন্ধি পাঠে কোনও ফল নাই। একমাত্র গীতাবাক্যই সর্ব শাস্ত্রের সার কথা।

"গীতাস্তুগীতাকর্তব্যা কিমন্যঃশাস্ত্রবিস্তরেঃ ।

যা স্যঃ পদ্মলাভস্ত মুখপদ্মবিনিঃস্ততা ॥"

কালের মানুষ

শ্রীবামন দাস লাহিড়ী

প্রথম বর্ষ—সাহিত্য

আজকালকার কল্পিত কথা

বল্বো পদ্ম করে ।

রাগ ক'রে সব ঝাঁপাঝাঁপি

করোনাক ঘরে ।

এই ধরণ ছেলেগুলো

বড়ই পোয়েটিক ।

ন' বছরেই চুল ঘুরিয়ে

বেড়ায় নিয়ে টিক ;

চোখের ডিফেন্ট লেগেই আছে
 জল বায়ু নয় ভালো,
 আট বছরেই চশ্মা চিনে
 দেখেন সবই কালো ;
 কোটও ছাই পরে নাকি ?
 বেজায় রকম ভারী,
 বুট জুতোতে লাগ্ল ফিতে
 পর্মুন্ম অর্ডিনারি !
 এসব জুতো চলবে না আর
 আমরা কি আর বুড়ো !
 গ্রিসিয়ান্ শিপার পায়ে দেব,
 দেখবে চেয়ে খুড়ো !
 কালিদাস কি কবি নাকি ?
 ভূবন্তি সে কে ?
 সেক্সপিয়ারকে প্রণাম করি
 ছবিখানি দেখে ;
 দুর্গা, কালী, লক্ষ্মী, বৌণা
 এসব নাম কি চলে ?
 ডলি, পলি, বেবি নামে
 ডাকুবো ছেলেপিলে ;
 ঘোড়েল, গাঢ়ি, চুকপাটি (মেলা)
 নেহাঁ পাড়াগেয়ে,
 বল, ত্রীকেট খেলবো মোরা
 আমরা কি আর মেয়ে ?
 ভারত স্বাধীন করবো বলে
 করবো দৃঢ়পণ,
 ভায়ের সাথে মাম্সা বটে
 করবো সর্ববক্ষণ।

কল্কাতাতে বাস করা আর
 চলে নাক মোটে,
 ইউরোপেতে দুদিন গেলেও
 শান্তিতে দিন কাটে !
 কেষ্ট-বিষ্টু মানি নাকো,
 ক্রাইষ্ট কিন্তু মানি,
 ঠকুরদাদাৰ নাম ভুলেছি
 ডন বংশ জানি !
 বেজোয় সত্য বল্লে পরে
 অপ্রিয় হয় বটে,
 জ্ঞানী লোকে কয়না কিছু
 মৃথ লোকেই চটে !
 রাগ করে ভাই ভাত না খেয়ে,
 আমায় গালাগালি,
 দিয়েনাক, এই কথাটি
 আবার দিলাম বলি !
